# Times Today BD

ডেস্ক রিপোর্ট | রাজনীতি | 28 June, 2025

ক্ষমতায় গেলে ১৮ মাসের মধ্যে এক কোটি মানুষের কর্মসংস্থানের প্রতিশ্রুতি দিয়েছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী। শনিবার (২৮ জুন) দুপুরে সিলেটের মেন্দিবাগ এলাকার জালালাবাদ গ্যাস অডিটোরিয়ামে আয়োজিত ‘সিলেট বিজনেস ডায়লগ’ অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

তিনি বলেন, “আমরা তথ্যপ্রযুক্তিকে সর্বোচ্চ গুরুত্ব দেব।ন্যূনতম এসএসসি পাস তরুণদেরও আইটি খাতে চাকরির ব্যবস্থা করব।”

দেশে চলমান অর্থনৈতিক সংকট ও লুটপাটের বিষয়ে তিনি বলেন, “লুটেরাদের কারণে ব্যবসা-বাণিজ্য ধ্বংসের মুখে।বিএনপি ক্ষমতায় গেলে ব্যবসায়িক খাতকে গোষ্ঠি ও রাজনীতির প্রভাব থেকে মুক্ত করবে।”

‘নতুন বাংলাদেশে আগের ধাঁচের রাজনীতি চলবে না’ মন্তব্য করে আমীর খসরু বলেন, দেশের মানুষের চিন্তা ও মানসিকতার পরিবর্তন হয়েছে, রাজনৈতিক দলগুলোকেও সেই পরিবর্তনের সঙ্গে তাল মেলাতে হবে।

ডায়লগ অনুষ্ঠানে সিলেট বিভাগের বিভিন্ন খাতের উদ্যোক্তা ও ব্যবসায়ীরা সরাসরি তাদের মতামত ও সমস্যার কথা তুলে ধরেন। তারা বলেন, চা, আগর, পর্যটন, ফলমূল, সবজি ও পাথর খাতকে সঠিক পরিকল্পনা ও আধুনিক ব্যবস্থাপনার মাধ্যমে আন্তর্জাতিক পর্যায়ে নেওয়া সম্ভব।এতে যেমন কর্মসংস্থান বাড়বে, তেমনি বৈদেশিক মুদ্রার রিজার্ভও সমৃদ্ধ হবে।

বিএনপি কর্মসংস্থান রাজনীতি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 23:56

URL: https://www.timestodaybd.com/politics/7453153862